ONLINE GD

# সেবাগ্রহীতার জন্য ব্যবহার নির্দেশিকা

## (Citizens' User Manual)

- ✓ আপনার হারানো ও প্রাপ্তি সংক্রান্ত জানমালের বিষয়সহ যে কোন বিষয়ে পুলিশের নিকট জিডির জন্য আবেদন করতে ওয়েব সাইট- gd.police.gov.bd এবং Online GD Apps ব্যবহার করুন।
- ✓ সংশ্লিষ্ট থানা হতে আপনার আবেদনের ধরন অনুসারে ব্যবস্থা নেওয়া হবে এবং আপনাকে মোবাইল এসএমএস, মোবাইল এ্যাপস্ নোটিফিকেশনের মাধ্যমে অবগত করা হবে।
- ✓ অভিযোগের বিষয়টি যদি জিডির যোগ্য হয় তাহলে সেটি জিডি নং এবং তদন্তকারী অফিসারের বিবরণীসহ আপনাকে ডিজিটাল জিডির কপি প্রেরন করা হবে।

**অনলাইন জিডি অ্যাপস্ এবং ওয়েব পোর্টালের সুবিধা সমূহ:**

- খুব সহজে আপনার অভিযোগটি পুলিশকে জানাতে পারবেন।
- আপনার অভিযোগের সর্বশেষ অবস্থা জানতে পারবেন।
- আপনার অভিযোগের তদন্তকারী অফিসারের সহিত অনলাইনে যোগাযোগ করতে পারবেন।
- অনলাইনে আপনার অভিযোগ (জিডি) কপি ডাউনলোডসহ ডিজিটাল কপি কাউকে প্রেরন করতে পারবেন।

## সাধারণ জনগণ কর্তৃক অনলাইনে জিডির আবেদন করার প্রক্রিয়া

সাধারণ জনগণ কর্তৃক জিডির আবেদন করার জন্য পূর্বে রেজিস্ট্রেশন না থাকলে ইউজার আইডি এবং পাসওয়ার্ড এর জন্য রেজিষ্ট্রেশন করতে হবে। অনলাইন জিডির জন্য রেজিষ্ট্রেশন কেবলমাত্র মোবাইল অ্যাপস্ এর মাধ্যমে করা যায়। তবে জিডির আবেদন মোবাইল অ্যাপস্ বা ওয়েবসাইট যে কোনো একটি মাধ্যমে করতে হবে। রেজিষ্ট্রেশন করার জন্য নিচের প্রক্রিয়া অনুসরণ করুন-

**রেজিষ্ট্রেশন করার জন্য যা প্রয়োজন:**

- আপনার জাতীয় পরিচয়পত্র নম্বর।
- আপনার সচল মোবাইল নাম্বার ও অ্যান্ড্রয়েড (Android) স্মার্ট মোবাইল ফোন।
- আপনার লাইভ ছবি।

**রেজিস্ট্রেশন করার জন্য যা করতে হবে-**

১। ইন্টারনেট (Internet) সংযোগসহ আপনার অ্যান্ড্রয়েড (Android) স্মার্ট ফোন (Smart Phone) হতে প্লে-স্টোর-এ (Play Store) প্রবেশ করুন ▶ প্লে-স্টোর (Play Store) এর সার্চবারে Online GD লিখে সার্চে ক্লিক ▶ নিচের সার্চলিস্টে Online GD Registration Apps এবং Online GD Apps আসবে (চিত্র-১) ▶ উভয় Online GD Apps আলাদা ভাবে ইন্সটল করার জন্য Install ক্লিক (চিত্র-২ ও ৩)।



চিত্র নং-০১



চিত্র নং-০২



চিত্র নং-০৩

২। Online GD Apps ইন্সটল করার পর আপনার মোবাইল স্কিনে Online GD Apps আইকন আসবে (চিত্র-৪)▶ Online GD Registration Apps অথবা Online GD Apps এর আইকনে ক্লিক ▶ Online GD Registration Apps অথবা Online GD Apps ওপেন করে নিবন্ধন-এ ক্লিক (চিত্র- ৫ ও ৬)।


চিত্র নং-০৪



চিত্র নং-০৫



চিত্র নং-০৬

৩। অনলাইন জিডি নতুন নিবন্ধন করার জন্য জাতীয় পরিচয়পত্র যাচাই পেজটি ওপেন হবে▶ সঠিক জাতীয় পরিচয়পত্র নাম্বার এন্ট্রি ও জন্ম তারিখ সিলেক্ট ▶ পরিচয়পত্র যাচাই-এ ক্লিক (চিত্র-৭) ▶ প্রদত্ত এনআইডির তথ্য সমূহ দেখা যাবে▶ এনআইডির ছবির সাথে নিবন্ধনকারী ব্যক্তির লাইভ ছবির ম্যাচিং করার জন্য "তথ্য সঠিক হলে এখানে ক্লিক করুন" বাটনে ক্লিক (চিত্র-৮)▶ ক্যামেরা হতে লাইভ ছবি সংগ্রহের জন্য "Allow Online GD to take Pictures and Record Video?"এ্যাকসেস এর জন্য Allow ক্লিক▶ক্যামেরা ওপেন হবে (চিত্র-৯) ▶ যথাযথভাবে ক্যামেরার সামনে মুখমন্ডল রাখা হলে মুখের চারপাশে সবুজ আইকন আসবে এবং স্বয়ংক্রিয় ভাবে ফটো এনআইডিতে প্রদত্ত ফটোর সাথে ম্যাচিং হবে▶ফটো ম্যাচিং হওয়ার পর মোবাইল নাম্বার ও পাসওয়ার্ড প্রদান করার জন্য নতুন পেজ আসবে(চিত্র-১০) ▶ইংরেজিতে ১১ সংখ্যার মোবাইল নাম্বার এন্ট্রি▶পাসওয়ার্ড ও নিশ্চিত পাসওয়ার্ড প্রদান (পাসওয়ার্ডে কমপক্ষে ৮ সংখ্যার হবে,সংখ্যাসূচক অক্ষর, বড় হাতের অক্ষর এবং বিশেষ অক্ষর থাকতে হবে (!@#$%^&()_+,উদাহরণ: Abcd@1234)▶প্রি-রেজিষ্টেশন সফল হয়েছে ম্যাসেজ আসবে(চিত্র-১১) ▶ok ক্লিক।



চিত্র নং-০৭



চিত্র নং-০৮


চিত্র নং-০৯



চিত্র নং-১০




চিত্র নং-১১

৪। পূর্বে প্রদত্ত ইউজার নেম (মোবাইল নাম্বার) ও পাসওয়ার্ড এন্ট্রি করে লগইন ক্লিক (চিত্র-১২) ▶ লগইন করার পর পূর্বে প্রি-রেজিষ্টেশনের সময় প্রদান করা হয়নি এমন প্রয়োজনীয় তথ্য আপডেট করার জন্য পেজ আসবে▶ NID তে প্রদত্ত বর্তমান ঠিকানা প্রদর্শিত হবে, প্রদর্শিত বর্তমান ঠিকানা পরিবর্তনযোগ্য▶বর্তমান ঠিকানা এন্ট্রি করে পরবর্তী ক্লিক (চিত্র-১৩)▶পূর্বে প্রদত্ত ছবি ও এনআইডির তথ্য দেখে পরবর্তী ক্লিক▶ডিজিটাল স্বাক্ষর প্রদান করে সংরক্ষণ-এ ক্লিক প্রয়োজন হলে মুছে ফেলুন-এ ক্লিক (চিত্র-১৪) ▶ পরবর্তী ক্লিক ▶ মোবাইল অপারেটর ও ইমেইল এন্ট্রি করে (চিত্র-১৫) পরবর্তী ক্লিক▶ মোবাইল নাম্বার ভেরিফিকেশন করার জন্য প্রদত্ত মোবাইলে ০৬ অংকের একটি One-Time Password (OTP) যাবে▶ মোবাইলে প্রেরণকৃত One-Time Password (OTP) এন্ট্রি করে Submit ক্লিক (চিত্র-১৬) ▶ রেজিষ্টেশন সফল হয়েছে সংক্রান্তে ম্যাসেজ আসবে ▶ লগইন করার জন্য “Login” ক্লিক(চিত্র-১৭)।



চিত্র নং-১২



চিত্র নং-১৩




চিত্র নং-১৪



চিত্র নং-১৫



চিত্র নং-১৬



চিত্র নং-১৭

**অনলাইনে জিডির আবেদন করার জন্য যা করতে হবে-**

ইতোমধ্যে রেজিষ্টেশনকৃত ইউজার অনলাইন জিডির ওয়েবসাইট (gd.police.gov.bd) অথবা এ্যাপস্ ব্যবহার করে হারানো/পাওয়া বিষয়ে স্থানের বিবরণ উল্লেখ পূর্বক অনলাইনের মাধ্যমে জিডির জন্য আবেদন করতে পারবেন।

**অনলাইন জিডির ওয়েবসাইট (gd.police.gov.bd) ব্যবহার করে জিডির আবেদন করার পদ্ধতি:**

১। যেকোন ইন্টারনেট ব্রাউজার সফটওয়্যার ওপেন▶ব্রাউজার সফটওয়্যারের এ্যাড্রেসবারে অনলাইন জিডির ওয়েবসাইট gd.police.gov.bd এন্ট্রি করে কী-বোর্ড থেকে এন্টার চাপুন ▶ অনলাইন জিডির ওয়েবসাইট ওপেন হবে (চিত্র-১৮) ▶ প্রবেশ করুন (লগইন) ক্লিক▶ ইউজারের ঘরে মোবাইল নম্বর এবং পূর্বে প্রদানকৃত পাসওয়ার্ড দিয়ে লগইনে ক্লিক▶ ইউজার ড্যাসবোর্ড ওপেন হবে।




**চিত্র নং-১৮**

২। সাধারণ জনগন ইউজার ড্যাসবোর্ড থেকে পূর্বে জিডির জন্য আবেদন করা আবেদনগুলো সর্বশেষ অবস্থা জানতে পারবেন এবং নিচের তথ্য এন্ট্রি অংশ হতে হারানো ও পাওয়া বিষয়ে নতুন জিডির আবেদন করতে পারবেন। এছাড়াও ডানপাশের ছবির উপর ক্লিক করে ব্যবহারকারী পাসওয়ার্ড পরিবর্তনসহ ব্যবহারকারী তথ্য আপডেট ও সফটওয়্যার বিষয়ে ফিডব্যাক প্রদান করতে পারবেন(চিত্র-১৯)।



**চিত্র নং-১৯**

৩। **পাসপোর্ট হারানো বিষয়ে জিডির আবেদন করার জন্য** “তথ্য এন্ট্রি” হতে “হারানো” ক্লিক▶ডকুমেন্ট ক্লিক(চিত্র-২০)▶ অনুসন্ধান-এ পাসপোর্ট লিখে সার্চ অথবা পাসপোর্ট ক্লিক(চিত্র-২১)▶



**চিত্র নং-২০**



**চিত্র নং-২১**

পাসপোর্ট সম্পর্কিত তথ্য অংশ হতে পাসপোর্টের বিভিন্ন তথ্য যেমন, ইস্যুকারী দেশ, শ্রেণী, প্রদানের তারিখ, মেয়াদোর্ত্তীণের তারিখ, জরুরী যোগাযোগ সংক্রান্তে ইত্যাদি এন্ট্রি (চিত্র-২২) ▶ শনাক্তকরণ তথ্য যেমন, সনাক্তকারী চিহ্ন, ছবি (যদি থাকে) এন্ট্রি ▶ হারানোর স্থান, সময় ও ঘটনার বিবরণ (বিভাগ, জেলা, থানা, গ্রাম, স্থানের বিবরণ, তারিখ, সময়) এন্ট্রি (চিত্র-২৩)▶ ঘটনার বিবরণ-এ স্থানের নাম, স্থানের প্রকৃতি, স্থানের অবস্থান ও হারানোর অবস্থা এন্ট্রি, এখানে চলন্ত অবস্থায় হারানো গেলে হতে☑ অন্যের জন্য এন্ট্রি কিনা? রেডিও বাটনে ক্লিক▶ বর্তমান ঠিকানা পরিবর্তন করার জন্য এডিট আইকনে ক্লিক এবং বর্তমান ঠিকানা এন্ট্রি▶পরবর্তীতে ক্লিক▶ এন্ট্রিকৃত তথ্য সমূহ দেখাবে▶প্রয়োজনে পুনরায় তথ্য এডিট করার জন্য “Edit” ক্লিক▶“Edit” প্রয়োজন না হলে “☐I have agree to accept Terms & Condition and Policy” চেক বক্সে ক্লিক(চিত্র-২৪)▶ সাবমিট করার জন্য Final Submit বাটনে ক্লিক▶ আবেদনকারীর মোবাইলে প্রেরণকৃত One-Time Password (OTP) এন্ট্রি করে Submit ক্লিক(চিত্র-২৫)▶ একই নিয়মে অন্যান্য লস্ট এন্ড ফাউন্ড বিষয়ক জিডির জন্য আবেদন করা যাবে।



**চিত্র নং-২২**



**চিত্র নং-২৩**




**চিত্র নং-২৪**




**চিত্র নং-২৫**


৪। One-Time Password (OTP) প্রদান করার পর আবেদনকারীর মোবাইল ফোনে Your Application Successfully Submitted ম্যাসেজ আসবে এবং তথ্য প্রণয়ন সম্পন্ন হয়েছে এই সংক্রান্তে সিস্টেম জেনারেটেড ম্যাসেজ দেখা যাবে(চিত্র-২৬)▶জিডির আবেদন প্রিন্ট করার জন্য “আবেদন প্রিন্ট” ক্লিক (চিত্র-২৭) অথবা বিস্তারিত রিপোর্ট দেখার জন্য “বিস্তারিত রিপোর্ট-এ ক্লিক (চিত্র-২৮)




চিত্র নং-২৬



চিত্র নং-২৭




চিত্র নং-২৮